

■■ চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে'ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর রচয়িতা/সঙ্গলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, দু'আ কি ইবাদত?

"আর তোমাদের রব বলেছেন, তোমরা আমাকে ডাকো। আমি তোমাদের জন্য সাড়া দেব। নিশ্চয় যারা অহংকার বশত আমার ইবাদত থেকে বিমুখ হয়, তারা অচিরেই লাঞ্ছিত অবস্থায় জাহান্নামে প্রবেশ করবে"। [সূরা গাফির, আয়াত: ৬০]

হাদীসে এসেছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "দু'আই ইবাদত"। হাদীসটি তিরমিয়ী বর্ণনা করেছেন। দীনের মধ্যে দু'আর গুরুত্ব ও মর্যাদার জন্যই কুরআনে তিন-শতাধিক আয়াত এ সম্পর্কে এসেছে। দু'আ দুই প্রকার: ইবাদতের দু'আ ও চাওয়ার দু'আ। একটি অপরটির জন্য অত্যাবশ্যকীয়।

ইবাদতের দু'আ: উদ্দেশ্য হাসিল করা বা বিপদ প্রতিহত করা বা মুসিবত দূর করার জন্য ইখলাসের সাথে একমাত্র আল্লাহর ইবাদত করা দ্বারা আল্লাহর দিকে অগ্রসর হওয়া। আল্লাহ তা'আলা বলেন,

"আর স্মরণ কর মাছ ওয়ালার কথা। যখন সে রাগান্বিত অবস্থায় চলে গিয়েছিল এবং মনে করেছিল যে, আমি তার ওপর ক্ষমতা প্রয়োগ করব না। তারপর সে অন্ধকার থেকে ডেকে বলেছিল, আপনি ছাড়া আর কোনো সত্য ইলাহ নেই। আপনি পবিত্র মহান। নিশ্চয় আমি ছিলাম যালিম। অতঃপর আমি তার ডাকে সাড়া দিলাম এবং দুশ্ভিতা থেকে তাকে উদ্ধার করেছিলাম। আর এভাবেই আমি মুমিনদেরকে উদ্ধার করি"। [সূরা আল-আম্বিয়া, আয়াত: ৮৭-৮৮]

চাওয়ার দু'আ: অর্থাৎ দু'আকারীকে যে জিনিষ উপকার পৌঁছাবে; যেমন কোনো কল্যাণ অর্জন অথবা কোনো অকল্যাণ দূর করার প্রার্থনা করা। আল্লাহ তা'আলা বলেন, الَّذِينَ يَقُولُونَ رَبَّنَا إِنَّنَا ءَامَنًا فَاَعْ اَفِر النَّا وَقِنَا مَرَانِ اللَّهُ وَلَى اللَّهُ وَاللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ ا

উভয় প্রকার দু'আ ইবাদতের মূল ও নির্যাস। আর তা সবচেয়ে সহজ ইবাদত। আর সম্পাদন করা দিক থেকে সবচেয়ে সহজ। আর মর্যাদা ও ফলাফলের দিক দিয়ে সবচেয়ে মহান। এটিই আল্লাহর ইচ্ছায় অকল্যাণ দূর ও



উদ্দেশ্য হাসিল করায় সবচেয়ে শক্তিশালী উপায়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9951

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন